



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৪.২০.১৯০

তারিখ: ৮ আষাঢ়. ১৪২৭  
২২ জুন ২০২০

বিষয়: বিধিবহির্ভূতভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন নন্দনগাছী ডিগ্রী কলেজ এর অধ্যক্ষের পদটি অবসর জনিত কারণে শূন্য আছে। প্রতিষ্ঠানটিতে উপাধ্যক্ষ পদে জনাব মোখতার হোসেন (ইনডেক্স নম্বর : VP-৪০৮৫৪১) কর্মরত আছেন। বিধি মোতাবেক অধ্যক্ষের শূন্যপদে উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। কিন্তু প্রতিষ্ঠান থেকে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে সহকারী অধ্যাপক থেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বিধি অনুযায়ী অধ্যক্ষের শূন্যপদে উপাধ্যক্ষ কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের সুযোগ না দিয়ে সহকারী অধ্যাপক পদ থেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের বিষয়ে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-৬-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

সভাপতি, গভর্নিং বডি, নন্দনগাছী ডিগ্রী কলেজ, চারঘাট,  
রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৪.২০.১৯০/১(৩)

তারিখ: ৮ আষাঢ়. ১৪২৭  
২২ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৩) অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), নন্দনগাছী ডিগ্রী কলেজ, চারঘাট, রাজশাহী;

২২-৬-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক